



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯-১৩৫

তারিখ : ০২-০৭-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং পরীক্ষার প্রতিদিনের তথ্য বোর্ডে প্রেরণ প্রসঙ্গে ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন চলমান ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন ও তথ্য সংগ্রহের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের একটি এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে । উক্ত কন্ট্রোল রুমে প্রতিদিনের প্রতি বেলার তথ্য দ্রুততম সময়ে সংগ্রহের জন্য মোবাইল ফোন ও ই-মেইলে তথ্য সংগ্রহ ছাড়াও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের Website- এ তথ্য সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রতিটি কেন্দ্র হতে সকাল ও বিকাল দুই বেলার পরীক্ষার তথ্য সকালে ও বিকালে পৃথক পৃথক ভাবে উল্লেখিত সময়ের মধ্যে অবশ্যই Entry করতে হবে। এ ছাড়া ই-মেইলে তথ্য প্রেরণ করতে হবে। Website- এ তথ্য প্রেরণের প্রক্রিয়াঃ-

www.bteb.gov.bd > অন লাইন মার্ক/জিপিএ/এবসেন্ট এন্ট্রি পেজ > Dip in Engg & Tourism Examination information entry > কেন্দ্র কোড ও password > Field এর তথ্য Entry > Submit ।

পরীক্ষার তথ্য যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নীচে উল্লেখিত সময়ের মধ্যে কেন্দ্র হতে তথ্যাদি Entry করতে অনুরোধ করা হলো।

পরীক্ষার সময়	রিপোর্ট Online- এ Entry সময়।
সকাল ১০:০০ টা	সকাল ১০:০০টা হতে দুপুর ১.১০ মিনিট পর্যন্ত
বিকাল ২:০০ টা	বিকাল ০২:০০টা হতে বিকাল ৫.১০ মিনিটপর্যন্ত

উপরোল্লিখিত সময়ের পর Online- এ তথ্য প্রেরণ করা যাবে না। প্রতিষ্ঠান মূল্যায়ন পর্বের পরীক্ষার তথ্য পৃথকভাবে Entry করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

স্বাঃ/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯-১৩৫(১১)

তারিখ : ০২-০৭-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক/প্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৯১১৮৭৭৬